

সারাদেশ

৮ হাজার পিস ইয়াবাসহ এক বাসযাত্রী আটক

প্রতিবেদক: ফেনী প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

ফেনী সদর উপজেলায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে যাত্রীবাহী বাসে তল্লাশি চালিয়ে আট হাজার ৩০ পিস ইয়াবাসহ নাছির উদ্দিন (৩১) নামে এক যুবককে আটক করেছে র্যাব।

রবিবার (২৩ আগস্ট) শহরের লালপুল এলাকার মুহুরী ফিলিং স্টেশনের সামনে স্টার লাইন পরিবহনের একটি বাসে তল্লাশি চালিয়ে তাকে আটক করা হয়।

আটক নাছির কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার পূর্ব ডুমখালী গ্রামের আবুল আলমের ছেলে। জব্দ করা ইয়াবার আনুমানিক বাজারমূল্য ২৪ লাখ ১০ হাজার টাকা বলে জানিয়েছে র্যাব।

র‍্যাব সূত্রে জানা গেছে, চট্টগ্রাম থেকে যাত্রীবেশে বিপুল পরিমাণ ইয়াবার চালান নিয়ে এক ব্যক্তি ফেনীর দিকে আসছেন। এমন গোপন সংবাদের ভিত্তিতে মহাসড়কে চেকপোস্ট বসায় র‍্যাব। এ সময় চট্টগ্রাম থেকে ফেনীগামী স্টার লাইন পরিবহনের একটি বাস থামিয়ে তল্লাশি শুরু করেন অভিযানিক দলের সদস্যরা।

বাসের পেছনের সিটে বসা নাছির পালানোর চেষ্টা করলে র‍্যাব সদস্যরা তাকে ধরে ফেলেন। পরে তার সঙ্গে থাকা একটি কাঁধের ব্যাগ তল্লাশি করে স্বচ্ছ পলি জিপার প্যাকেটে মোড়ানো আট হাজার ৩০ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

র‍্যাব-৭-এর ফেনী ক্যাম্পের অধিনায়ক মিজানুর রহমান জানান, আটক নাছির উদ্দিন ও জব্দ করা মাদকদ্রব্যের বিষয়ে পরবর্তী আইনগত ব্যবস্থা নিতে তাকে ফেনী সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ইমাম-ওলামা মশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/8-hajar-pis-iyabash-ek-basjatri-atk>